তারিখ 17 OCT 2002
পৃষ্ঠা ... কলাম ...

# চট্টগ্রাম ছাত্রদলে বিরোধ তুঙ্গে ॥ জিয়ার মাজার থেকে ফেরার পথে নয়া নেতাদের ওপর হামলা, ভাংচুর

স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥ আহ্বায়ক কমিটি গঠনের ঘোষণার পর চট্টগ্রামে ছাত্রদলের অভ্যন্তরে সৃষ্ট অসন্তোষের বিস্ফোরণ ঘটেছে। রাঙ্গুনিয়ায় শহীদ জিয়ার মাজারে পুষ্পমাল্য অর্পণ শেষে ফেরার পথে বুধবার বিকালে কাপ্তাই সড়কের ব্রাহ্মণহাটে নতুন কমিটির ১৬ সদস্যের ওপর সশস্ত্র সন্ত্রাসীরা হামলা চালিয়েছে। এ ঘটনায় ৪ জনকে পিটিয়ে পরিধেয় পোশাক ছিঁড়ে ফেলে লাঞ্ছিত করা হয়। কয়েকজন আত্মরক্ষার্থে পিছন দিকে পালিয়ে যায়। সন্ত্রাসীরা এদের ধাওয়া

## দুই শীর্ষ নেতার আধিপত্যের লড়াই

করে নিয়ে যায়। রাত ৮টায় এ রিপোর্ট লেখা পর্যন্ত নতুন কমিটির আহ্বায়ক মোশাররফ হোসেন দীপ্তি ও সদস্য সচিব ইয়াছিন চৌধুরী লিটনের অবস্থান সম্পর্কে কোন খোঁজ পাওয়া যায়নি। তবে জেলা পুলিশ সুপার মতিউর রহমান হামলার কথা স্বীকার করে বলেছেন, হামলার পর কেউ কেউ চট্টগ্রামে ফিরে এসেছে। আরেক দল পিছন দিকে পালিয়েছে। পরে তাদের পুলিশ এসকর্ট দিয়ে চট্টগ্রামে পৌছানো হয়।

প্রত্যক্ষদর্শীরা জানায়, ২০/২৫ অস্ত্রধারী

(১- পৃষ্ঠা ১-এর কং দেখুন)

... সন্ত্র
ব্রাহ্মণহাট সড়কে ব্যারিকেড দিয়ে ছাত্রদল নেতা গতিরোধ করে হামলা চালায়। সন্ত্রাসীরা ছাত্র নেতাদের বহনকারী ২টি মাইক্রোবাস ও ১টি ... ভাংচুর করে। মারধর করে নতুন আহ্বায়ক কমি সদস্য সিরাজ উল্লাহ, নকিব উদ্দিন ভূঁইয়া, কাজী মন ও হাবিবুর রহমান চৌধুরীকে। এঁদের পোশাক ছি ফেলে ব্যাপকভাবে লাঞ্ছিত করা হয়। খবর পে এ্যাডিশনাল এসপি হাসিব আজিজ পুলিশ দল নি ঘটনাস্থলে পৌছলে সন্ত্রাসীরা পালিয়ে যায়। চট্টগ্র ছাত্রদল হামলাকারীদের সাকা চৌধুরীর সশস্ত্র ক্যাড সদস্য বলে দাবি করেছে।

এদিকে চট্টগ্রাম মহানগর বিএনপি কার্যালয়টি তৃত দিনের মতো বিদ্রোহী গ্রুপের দখলে রয়েছে। তবে নতু কমিটির আহ্বায়ক মোশাররফ হোসেন দীপ্তিকে শোক ও বিদ্রোহীদের নেতৃত্বদানকারীদের মধ্যে দু'জনে সাংগঠনিক কার্যক্রমে নিষেধাজ্ঞা আরোপ করার ... গ্রুপিং কোন কোন ক্ষেত্রে চাঙ্গা হয়েছে, আবার কে ক্ষেত্রে ধাক্কা খেয়েছে।

অপরদিকে বিতর্কিতদের নিয়ে কমিটি গঠনের প্রতিবা বাকলিয়া, চান্দগাঁও ও বায়েজিদ বোস্তামী ওয়ার্ড কমিটি উদ্যোগে বিক্ষোভ মিছিল হয়েছে। পক্ষান্তরে নবগঠি কমিটির পক্ষে মঙ্গল ও বুধবার বিক্ষিপ্ত আনন্দ মিছিল হয়েছে। তবে তা ছিল খুবই সীমিত।

এদিকে খোঁজ নিয়ে জানা গেছে, চট্টগ্রামে ছাত্রদলে কমিটি গঠন ও পরবর্তী ঘটনাবলী নিয়ে দুই শী বিএনপি নেতার আধিপত্য সৃষ্টির লড়াই চলছে। ত মন্ত্রী আবদুল্লাহ আল নোমান এ তৎপরতা থে নিজেকে বিরত রেখেছেন। প্রতিমন্ত্রী মীর মোহাম্ম নাসির উদ্দিন ও প্রধানমন্ত্রীর সংসদবিষয়ক উপদেষ্ট সালাহউদ্দিন কাদের গ্রুপ পুরো বিষয়ে অধিক তৎপর উদ্ভূত পরিস্থিতিতে ছাত্রদলের অভ্যন্তরে ব্যাপক হতাশ নেমে এসেছে। ক্ষোভের আগুনে জ্বলছে অনেকে অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি এড়াতে নতুন কমিটি আহ্বায়ক ও সদস্য সচিব এখনও দলীয় কার্যালয়ে যেত পারেননি।